

বাংলাপিডিএফ.নেট
পাঞ্জেরী
পাঞ্জেরী কমিকস
বাবু ৮
SB
IROM NAN
MADE AS USA IN DHOLAIKHAL
শাহরিয়ার
মৌসুমী
শুভ্রম

বাংলাপিডিএফ.নেট

www.panjeree.com


বয়স
১০+

বাবু! বাবু কে?

বাবু ঢাকার ছেলে। কলেজে সেকেন্ড ইয়ারে পড়ে। বাবা আমলা। বাবু খায়দায়, নিশ্চিন্তে ঘুরে বেড়ায় আর উদ্ভট কাজ-কারবার করে বেড়ায়।

শাহরিয়ার প্রথম 'বাবু' এঁকেছিলেন ১৯৮৩ সালে। ১৯৮৫ সালে "অর্বাচীন" নামক এক পত্রিকায় প্রথম প্রকাশ। তবে 'বাবু' নিয়মিত সাপ্তাহিকভাবে প্রকাশিত হতে শুরু করে The Daily Star পত্রিকার Back Page বা Inner sleeve-এ এবং ওই পত্রিকার সাপ্তাহিক ম্যাগাজিন Rising Stars এর পাতায় ১৯৯৭ সাল থেকে। মাঝে কয়েক বছর বন্ধ থেকে ২০০৬ সাল থেকে এখন পর্যন্ত সেখানে নিয়মিত 'বাবু' প্রকাশিত হচ্ছে।

শাহরিয়ার খান The Daily Star এর কার্টুনিস্ট ও ডেপুটি এডিটর।



9789846340709

পাঞ্জেরী পাবলিকেশন্স লি.

মৌসুমী

শুভম

**পাঞ্জেরী পাবলিকেশন্স লি.**
৪৩ শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক
(পুরাতন ১৬ শান্তিনগর), ঢাকা ১২১৭
শো-রুম: ৩৮/২-ক (২য় তলা)
বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন: ৯৩৩৫৮২৬, ৮৩৬০০০৭
ফ্যাক্স: ৮৮-০২-৮৩১৮৫২৬
ই-মেইল: info@panjeree.com
ওয়েব: www.panjeree.com

---

**Babu 8**
A Comic Strip by **Sharier Khan**
First published in February 2014
by Panjeree Publications Ltd
43 Shilpacharya Zainul Abedin Sarak
(Old 16 Shantinagar), Dhaka 1217

**প্রচ্ছদ**
শাহরিয়ার খান

**প্রথম প্রকাশ**
ফেব্রুয়ারি ২০১৪

**দ্বিতীয় মুদ্রণ**
ফেব্রুয়ারি ২০১৪

**তৃতীয় মুদ্রণ**
সেপ্টেম্বর ২০১৪


**বিদেশে পরিবেশক**
শিশু সাহিত্য সংসদ (প্রা.) লি. কলকাতা, ভারত
সঙ্গীতা লিমিটেড, ২২ ব্রিক লেন, লন্ডন, যুক্তরাজ্য

**Copyright**
Sharier Khan


**মূল্য: ১০০ টাকা। (US$ 5.00)**

ISBN : 978-984-634-070-9

# সুপ্রভাত


আহ! কী সুন্দর একটা ঝলমলে সকাল। মনে হয় আজ বিশ্ব জয় করি।
আজ প্রথমে হার্ভার্ডে ভর্তির দরখাস্ত করব। তারপর মিস ভেনিজুয়েলাকে ই-মেইলে প্রেমের প্রস্তাব পাঠাব।
তারপর বার্লিনে শর্ট ফিল্ম... ই ই...
TOM SWEAR
আইন শাস্ত্র
আইনস্টাইন
WARREN PIECE
গদাম!
HEMISPHEARS
RUSH
আজাইরা সকাল!!

## ধানমণ্ডি লেকে একদিন



# ছাগলে কী না খায়!



কিরে অতুল, এটাই কি তোর নতুন পোষা ছাগল?
হ্যা, আমার বকরীর নাম গোর্কি। দারুণ পোষ মেনেছে। ওকে পালার কোন ঝামেলা নেই। দেখা শোনা করতে হয় না।
সেদিন বাসায় একটা চোর ঢুকেছে- গোর্কি ওকে গুঁতোয় উড়িয়ে দিয়েছে!
বলে কী!
খাওয়ানোর ঝামেলা নেই। কারণ সে সবই খায়। সারাক্ষণ খাচ্ছে!
সত্যি? আমি ওকে পুরানো পেপার দেই? খাবে?
পেপার তো ওর প্রিয় খাদ্য নিয়ে আয়। গোর্কি এই গোর্কি!
ম্যা হ্যা হ্যা হ্যা?

# শরবত


টিম ম্যানেজার বাবু দেখছি বিশাল করে আমাদের জন্য লেবুর শরবত তৈরি করেছে। দেখি এক গ্লাস?
এই নে এক গ্লাস পিপি ১০ টাকা দে!
ঢক! ঢক!
ওয়াক!
শরবতে মাছের গন্ধ কেন?
মাছের গন্ধে অসুবিধা কী? তুই মাছ খাস না?
লেবুর রস আর চিনি যাতে পানিতে সবচেয়ে ভাল করে মেশে সে জন্য দুটো জ্যান্ত কই মাছ এখানে ছেড়ে দিয়েছি।
তাই তো আমার শরবত একদম ফ্রেশ!

# বাবা যুদ্ধ


আমার লনে তোদের ক্রিকেট প্র্যাকটিস ছুটাচ্ছি। এই নে তোদের বল! যত্তসব!
বাবা!
বাবুর বাবার এত্ত বড় সাহস!
তুহিনের জল্লাদ বাবা!
কই? ঐ টেকো প্যাটকা লোকটা কই?
জ্বী? জানি না!
আমি জানি সে কই!
ও তো বাসায় নেই!
মিথ্যে কথা আমি ভেতরে এসে দেখব!
এই আলমারীটা খোলেন!
আমার শাড়ি! আমার নতুন শাড়ি!
EVEREST

# সুপারস্টার


EXCUSE ME ক্যাটরিনা আমি আপনার এক নম্বর ভক্ত!
HODEL SUPAHSTAH INTER
KATRINA KAIF
LIVE
এই যে! এই যে!
নাহ! এভাবে সে কখনোই আমার দিকে তাকাবে না!
ছপাশ!
খালি একটা ছবি... আমার সাথে একটা ছবি তুলব...!! FACEBOOK এ UPLOAD করব!
কমিনে! ম্যায় তেরে খুন পিয়ুঙ্গি!

# ক্ষতিপূরণ



# শিল্পকর্ম বোদ্ধা


আপনি আমার সময় নষ্ট করছেন। দু'ঘণ্টা ধরে কেবল আর্টের দাম জিজ্ঞেস করছেন। কিনলে কিনেন- না হয় চলে যান!
সময় নেয়ার জন্য দুঃখিত। আমি এটা কিনব!
GALLERI KAYA
OPEN
দ্যাখ চিত্রাপু... কী দুর্ধষ জিনিস কিনেছি!
সে কী! আর্টটা কাটছিস কেন?
ঘচাৎ! ঘচাৎ!
আমার ছবিটা এখন ফাটাফাটি লাগছে না?

# শিস



তুই আমার বোনকে শিস মেরেছিস!
বাবু কাউকে শিস দেয় না। মেয়েরা বাবুকে শিস দেয়!
আমার বোন শানা কখনোই মিথ্যা বলে না। তুই শিস দিয়েছিস!
শানার মত খ্যাংরা কাঠি বিচ্ছিরি মেয়েদের দিকে আমি তাকাই ও না!
আমার বোন বিচ্ছিরি!!
আউ!
শিস দেই না
উফ!
আর শিস দিবি?
ওরে মা!

# মুদ্রাস্ফীতি


কত দাম?
Jeans & Tee
DUKE KUKE ST
২৫০০ টাকা
বাজারের এ কী হাল! জিনিস পত্রের দাম গতবছরের চেয়ে ৪-৫ গুন বেড়ে গেছে! ফালতু পাগলামী!!
Jean & Tee
DUKE
!
SUPER CHEAP
গত বছরের মূল্যে জিন্স ও টি শার্ট! ভুয়া স্টোর
দেখি! দেখি! আমাকে এক ডজন মিডিয়াম টি-শার্ট আর দুটো জিন্স দিন।
গত বছরের দাম- এ বছরের সাইজ!
Bhooa Store


এ পাগলামীর মানে কী? বাইরে থেকে টোকা মেরে ভেতরে এসে দৌড়ে খুলছিস কেন?
আমি কত জোরে দৌড়াতে পারি সেটা পরীক্ষা করছি।
আমি দেখছি যে টোকা দেয়ামাত্র ভেতর থেকে দরজা খুলে নিজেকে নিজে ঘরে ঢোকাতে পারি কি না!
?!!


হুম!
ঘিচং ঘিচং ফুড়ুৎ কাউ! চেউয়া চেউ!
ঘুচুং!
ট্যা ও ও!
বাহ! মেঘটা কী নরম!
পাগলা জগাই
বেয়াদ্দপ!
টাশ!
যাদু-২ কীভাবে ছোট হওয়া যায়। ১। টিটিং টিটিং পম পম

# ভূতুড়ে গাছ


স্টুপিড বুইড়া গাছ!
গাছে খায়ালাইলো! ওরে বাবা!
গাধাগুলোর একবার সন্দেহও হলো না যে কেন আমগাছ থেকে ডাব পড়ছে!!

# ছায়া



ভালই স্পিড তোর নতুন বাইকটার, কিন্তু এই গরমে এই ছায়াহীন মোটর সাইকেল চালিয়ে আমি সিদ্ধ হয়ে গেলাম!
তাহলে কী হবে? আমি গরমে সিদ্ধ হয়ে মোটর সাইকেল চালাব না!
চিন্তা নেই। একটা স্মার্ট সমাধান আছে!
এই দ্যাখ কী সুন্দর ছায়া। সেই সাথে ফ্রী আম হয়ে গেল!

# চুম্বক




পরপর ৫টা গোল খেলাম। আমরা যদি ১টাও গোল না করতে পারি- সারা দুনিয়া আমাদের টিটকারি দেবে!
এটা কী করিস?
গোওওল!
আমি মোটেও চোর নই। আমার পা চুম্বক! তোরা হিংসা করছিস!

# গনক



বাবু গনক
ন্যায্যমূল্যে হাত গননা করা হয়
ভুয়া!
আমি পড়াশুনা করে হাত দেখি। আপনার হাত দেখান, দেখুন আমি ভুয়া কী না!
VVVIP
?
সত্যি?
ভুয়া! ব্যাটা ভুয়া!


# সিঁড়ি


?
বাংলা-বিহার-উড়িষ্যা...
এই ব্যাটা!
উরি বাবা! মীরজাফর!
??
এ আপনি কী করছেন?
সিঁড়ি দিয়া উপরে উইঠা পলাইতাছি!
তাহলে অমন কুঁজো হয়ে দৌড়াচ্ছেন কেন?
দ্যাখতাছেন না সিঁড়ির রেলিংগুলো কত নিচা কইরা বানাইছে?

# ভিক্ষা



# আবার চিত্রার কেক



আমি নতুন ছাঁচে এই কেকটা বানিয়েছি। খেয়ে বলিস কেমন লাগল!
আপুর অবিনাশী কেক ভাঙ্গার শক্তি কিংবা বুদ্ধি কোনটাই আমার নেই!
উং!
আপু তোর কেকটা দারুণ হয়েছে, আমাকে অমন আরো ৩টা বানিয়ে দিবি?
অবশ্যই!
নিশ্চয় তোর বন্ধুদের খাওয়াবি?
হা হা চমৎকার!

# প্ল্যানচেট



নবাব সিরাজউদ্দৌলা। আপনি কী শুনতে পারছেন আমাদের ডাক? এ পৃথিবীতে আসুন!
বাঁচাও! আগুন!
সরি আমার স্পেশাল ইফেক্টটা ঠিকমতো কাজ করছে না!

# সুন্দরবনে একদিন




# যাদুকর



যেই দর্শক পেছন থেকে আমাকে ভুয়া বলছে তাকে আমি চ্যালেঞ্জ করছি। স্টেজে এসো। দেখিয়ে দেই আমি কেমন যাদুকর!
এই যে আমি!
বাঃ! তোমার কানের পেছনে কী?
একটা ডিম! দর্শকমণ্ডলী এই ছোঁড়া কান দিয়ে ডিম পারে!
তোমার প্যান্টের ভেতর কী?
হা হা হা হা হা হা হা
একটা হাঁসের বাচ্চা!
হা হা হা হা হা হা হা
তোমার মাথায় কী?
হা হা হা হা হা হা হা
নারকেল! এটা তোমার ব্রেইন?
হা হা হা হা হা হা হা
এবার গোল মরিচের গুঁড়ো দিয়ে আমি একটা যাদু দেখাব।
ট্যাওও!


# চরম অপমান


ওয়াক!
এই! এই! খবদ্দার! ঐ ছবিটা FACEBOOK এ POST করবি না!
বুহাহা!
FACEBOOK এর চেয়ে বড় জায়গায় আমি ঐ খবিসের ছবি POST করবো! হু হু হা হা!
আকাশ বেশ মেঘলা! আমার প্রজেক্টরও রেডি! চমৎকার!
PROJECTOR
যেমন BATMAN কে BAT SIGNAL পাঠায়...!
আরে ঐটা তুহিন না?

## সৌন্দর্য্য সন্ত্রাস



# জীবন মানে ফেইসবুক


খ্যাঁ এ এ এ!
হাহাহা!
আঁমার লঁগো ফাঁইজলামী?
এক সেকেন্ড!
UPLOAD এবং STATUS এই মাত্র রাস্তায় একটা ভূতের সাথে দেখা হলো!
বাঃ! কয়েক সেকেণ্ডে ১০টা LIKE!
আঁরে মারি লা!

# বিল


কী চান হুজুর!
আমাকে ১০০ কোটি টাকা এনে দাও!
কোন ব্যাপার না!
ইয়াহু!
ESKOOZ ME!
?
??!
আমি শুধু ক্যাশ নেই!
বিল
১. টাকা সরবরাহ বাবদ - ১০০ কোটি
২. ভ্যাট (১৫%) - ১৫ কোটি
৩. সার্ভিস চার্জ (১০%) - ১০ কোটি
সর্বমোট ১২৫ কোটি টাকা মাত্র

# চার চোখা



# দুঃসাহসীক



বিল্টু ফ্লাইট ক্লাব
বাবু ও অতুলের দুঃসাহসিক প্যারাস্যুট জাম্প
কুর্মীটোলা অক্টোবর ৫, বিকাল ৫টা
আমরা কিন্তু অনেক নিচে নেমে প্যারাস্যুট খুলব!
৪০০০ ফিট। প্যারাস্যুট খুলব?
না না এতো সবাই করে। আরো নিচে নেমে খুলব!
২০০০ ফিট প্যারাস্যুট খুলব?
আমরা দুঃসাহসী আরো নীচে নেমে খুলব!
১০০০ ফিট
আরেকটু।
১০০ ফিট।
দাঁড়া না!
১০ ফিট!
মাত্র ১০ ফিট উচুঁ থেকে নিচে পড়লে কী-ই বা আর হবে....?
উঃ মাধ্যকর্ষন শক্তির সূত্রটা ভুয়া!
ওরে মা!

# ছেঁড়া প্যান্ট


এত নার্ভাস হবার কিছু নেই। প্যান্ট ছিঁড়ে গেছে তো কী হয়েছে। খুলে দে- সেলাই করে দিচ্ছি।
কোন পার্টিতে এসে এভাবে প্যান্ট ছিঁড়ে যাবে ভাবিনি। জলদি সেলাই কর। কেউ যাতে না দেখে।
এক মিনিট!
ধ্যাৎ কে যেন আসছে জলদি! পাশের ঘরে ঢুকে পড়
এক মিনিট লুকিয়ে থাক!

# ভালুক নাচ!



# হরতাল প্রতিরোধক স্প্রে



# জংলী বাবু: তর্জন-গর্জন




# জংলী বাবু: শেষ কৌশল




হু! পানি রেডি, জংলী বাবুকে পানিতে ঢাল!
কটাশ!
আ আ আ আ
উলস! জংলী বাবুর দোপেঁয়াজা!
চুপ থাক!
ওয়াক থু! ওয়াক থু!
খবিস! ভাগ!


# জংলী বাবু: পলায়ন ১


জংলী বাবু আমাদের সব বাঘ ভালুক ছেড়ে দিয়ে সেই যে পালিয়েছে- আমি খুঁজে পাচ্ছি না!
আমি জংলী বাবুর কলিজা খাব! এই জঙ্গলের সব কিছু আমি চিনি! পালাবে কোথায়? যুদ্ধের দামামা বাজাও!
সবাই চারদিকে ছড়িয়ে পরে খোঁজ!
ডুম ডুম ডুম ডুম
আমার চোখকে ফাঁকি দিয়ে পিঁপড়েও এই জঙ্গলে লুকিয়ে থাকতে পারে না!
ডুম ডুম
ডুম ডুম ডুম ডুম

# জংলী বাবু: পলায়ন ২



# কালাপাহাড়


খ্যাঁ এ এ এ এ!
আরে কী CUTE একটা পিচ্চি কংকাল! কী নাম?
CUTE? পিঁচ্চি? আঁমি বাঁংলায় দুর্ধষ সেঁনাপাতি কাঁলাপাহাড়ের কঁংকাল! ফাঁজলামী কঁরিস?
যদ্দুর জানি কালাপাহাড় ছিল ৬ ফুই ৫ ইঞ্চি। এমন ৩ ফুট কোন কংকাল তার হতে পারে না।
আঁমি কাঁলাপাহাড়ের ছোঁটবেলার কংকাল!

# ফ্রি কসাই




তুই সব সময় আমারে মাইয়াগো ফোন নাম্বার দেওয়ার লোভ দেখায় ফাও খাটাস। নাম্বার দেস না। আজ তোরে খাইছি।
বাটপার! বিশ্বাসঘাতক!
আরে আরে কথা শোন!
গাদ্দার আমারে দিয়া মাস্তানী করাস?
এই নাম্বারটা নে!
কোন বিশ্বাস নাই!
+৪২০৪২০৪২০ নাম সোনাক্ষ্মী সিনহা!
এই যে বাবা, ফ্রি কসাই নিয়ে এসেছি!

# পঁচা ডিম


ড. সাইদ, আমরা সত্যিই একটা ডাইনোসরের প্রাগৈতিহাসিক বাসা আবিষ্কার করেছি!
চলুন সবাইকে জানাই!
ডিমগুলো খেয়াল করো বাবু। এগুলো কিন্তু ২৫-৩০ কোটি বছরের পুরানো ডিম!
PUNK TUHIN'S FREE CONCERT
I AM A DISKO DANCER
TUHIN FREE CONC
TUHIN ROX
TUHIN RULEZ

# প্রশ্ন


EXCUSE ME আপনি কী
Y = (x-a) গুন অংকের ফর্মূলাটা কী
কাজে আসে তা বলতে পারেন?
এই অসভ্য ভৌতিক আচরণের মানে কি এই যে
আপনি আমার প্রশ্নের উত্তর জানেন না?
না! আপনার প্রশ্ন শুনে আমার মাথা ঘুরাচ্ছে আর বমি পাচ্ছে!

# ঢাকার চাকা



Luxury Koach
HODGSON
Luxury Koach
Koach
এই ব্যাটা! তুই কোন সিগনাল না দিয়ে তোর বাস চাপিয়ে দিলি কেন?
আমি অবশ্যই সিঙ্গেল দেই!
গাড়ির পিছন গিয়া দেখেন এহনো আমার সিঙ্গেল জ্বলতাছে!
সত্যি?
একী? এতো কোন লাইট না। হাতে আঁকা সিগনালের ছবি!
Painter: Abul
হ! ফুরোসেন্ট রং দিয়া আমি নিজে আঁকছি। কেমন জ্বল-জ্বল করতাছে- দেখছেন?

# বাবু ও মিস ইউনিভার্স




এইভাবে তোমারে তুলতে গিয়া মহাকাশযানটা ভাইঙ্গা পড়ায় দুঃখিত। যাউকগা একটা প্রস্তাব দেই তোমারে।
গরর!
ফাউল ভিনগ্রহীদের কোন প্রস্তাব আমার কাছে গ্রহনযোগ্য না। ভাগো!
তাই? আমরা চাইছিলাম তুমি আমাগো মিস ইউনিভার্স সুন্দরী প্রতিযোগিতার বিচারক হও!
মিস ইউনিভার্সের বিচারক?
চলো! এক্ষুণি চলো!
কিন্তু তোমাদের মহাকাশযান তো নষ্ট। যাবে কী করে?
বাট্টু, ক্যাপ্টিন স্মার্ক কইতাছি আমাগো ডাউনলোড কইরা লও!
ডাউনলোড?
DOWNLOAD PROGRESS
BABU
45%
FILES
একী! আমি তো ৯৫% ডাউনলোড হইছি!



MISS UNIVERSE CONTEST
JUDGE
মিস গ্যানিমিড
JUDGE
তালি!
তালি!
– ১০!
মিস ফেবোস
– ৯৯!
JUDGE
তালি!
তালি!
JUDGE
মিস ভেনাস
মিস শনি
মিস


ভেগা গ্রহ। এখানে মিস ইউনিভার্সের প্রতিযোগিতা চলছে। বিচারক বাবু।
বাবু এখানকার সুন্দরীদের ডিম মেরে তার মনোভাব জানাচ্ছে। এতে ক্ষিপ্ত হয়ে ভিনগ্রহীরা আবার ডিম-টমেটো মেরে বাবুকে তাদের মনোভাব জানাচ্ছে!
ব্যাটা দুই নাম্বার
ভুয়া বিচারক!
সুন্দরী চেনে না!
এ সময় ঢুকলো এক নয়া সুন্দরী!
স্কাল
মিস স্কালকে মিস ইউনিভার্স ঘোষণা দিলাম।
১০০!
১০
এইডা সুন্দরী? খাড়া তোরে সুন্দরী চেনাই!
DIM THROWER PRO
ভুয়া!
সুন্দরীও চেনে না!


এই বর্বর ভীনগ্রহীদের থেকে বাঁচতে চাইলে আমার সাথে ডেটিং এ চলো, মিস ইউনিভার্স!
চলো তোমাকে শনি পিৎজা হাউজে খাওয়াই!
সত্যি? মিস ইউনিভার্স হবার জন্য কতদিন পিৎজা খাই নি। চলো!
এখন যখন মিস ইউনির্ভাস হয়ে গেছি। আমার খেতে অসুবিধা নেই।
SATURN PIZZA HOUSE
ওয়েটার!
দশটা বড় পিৎজা দিন!
গাব! গাব!
মিস ইউনিভার্স হবার জন্য আমি এক বছর কিছুই খাই নি!
ওয়েটার! আরো ১০টা দিন।
আরো ২০টা! বাবু বিল দিচ্ছে!
ইউনিভার্সটা সত্যিই রহস্যময়! আর মিস ইউনিভার্স এক বিভীষিকা!

# সুপার বাবু: উৎপত্তি


২০ বছর সাধনা করে পাগল বিজ্ঞানী ড. আলু রেডিও আবিষ্কার করে জানল রেডিও বহু আগেই আবিষ্কৃত হয়ে গেছে!
রাবিশ রেডিও!
পাড়ার মাঝরাত্রের DISTURBING ELEMENT কুকুর ভোলা সেই রেডিওটা খেয়ে ফেলল।
বাংলাদেশ বেতার...
... ভোলা পাগল হয়ে গেল।
এবার একটি গান শুনবেন: চাঁন মিয়ার একই সম্বল!
রেডিও একটিভ ভোলা!
এই! এই!
চাঁন মিয়ার এক ঐ সম্বল ট্যাট ট্যাট ট্যা...! দুই গরু এক ঐ লাঙ্গল!
উরি মা!
কটাস:
আমি এখন সুপার বাবু... আধপাগলা সুপার হিরো!
SB

# সুপার বাবু: GREAT RESPONSIBILITIES!



# সুপার বাবু: সুপার ফ্লপ

